রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ২৮০-আইন/২০২৪।**—সরকার, Commissions of Inquiry Act, 1956 (Act No. VI of 1956) এর section 3 এ প্রদত্ত ক্ষমতাবলে, গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত সময়ে দেশের বিভিন্ন স্থানে কোটা-সংস্কার আন্দোলনের নামে সংঘটিত ঘটনায় মৃত্যু, সহিংসতা, নাশকতা, অগ্নিসংযোগ, লুটপাট, সন্ত্রাসী কর্মকাণ্ড ও ক্ষয়ক্ষতির ঘটনা তদন্তের জন্য নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্য-বিশিষ্ট তদন্ত কমিশন গঠন করিল:—

| | | |
|---|---|---|
| (১) | বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামান<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ | সভাপতি |
| (২) | বিচারপতি কে এম জাহিদ সারওয়ার<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ | সদস্য |
| (৩) | বিচারপতি মোহাম্মদ শওকত আলী চৌধুরী<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ | সদস্য |

২। কমিশনের কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত সময়ে নিহত ব্যক্তিগণের মৃত্যুর কারণ উদঘাটন ও তাহাদের মৃত্যুর জন্য দায়ী ব্যক্তিবর্গকে চিহ্নিতকরণ;


মূল্য : টাকা ৪.০০

(খ) গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত সময়ে সংঘটিত সহিংসতা, নাশকতা, অগ্নিসংযোগ, লুটপাট ও সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য দায়ী ব্যক্তিবর্গকে চিহ্নিতকরণ; এবং

(গ) গত ১৬ জুলাই, ২০২৪ তারিখ হইতে ২১ জুলাই, ২০২৪ তারিখ পর্যন্ত সময়ে সংঘটিত সহিংসতা, নাশকতা, অগ্নিসংযোগ, লুটপাট ও সন্ত্রাসী কর্মকাণ্ডের ঘটনায় বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান, সরকারি কোম্পানি, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও কর্পোরেশন এবং বেসরকারি প্রতিষ্ঠানের সম্পত্তির ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ।

৩। কমিশন, Commissions of Inquiry Act, 1956 অনুসারে তদন্তকার্য সম্পন্ন করিয়া আগামী ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে ও কমিশনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিবে এবং কমিশনকে সহায়তার উদ্দেশ্যে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত যে কোনো ব্যক্তিকে দায়িত্ব প্রদান করিতে পারিবে।

৫। গত ১৮ জুলাই, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নম্বর ২৭৪-আইন/২০২৪ এতদ্দ্বারা রহিত করা হইল, এবং উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত প্রজ্ঞাপনের অধীন গৃহীত কার্যক্রম এই প্রজ্ঞাপনের অধীন গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd